

# ভর্তির বিজ্ঞপ্তি

## ২০২৪-২৫ শিক্ষাবর্ষের

## স্নাতক স্তরে ভর্তি আরম্ভ হবে

# ২৮.০৬.২০২৪

**স্নাতক স্তরে [৩ বৎসর স্নাতক পাঠক্রম, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের অনুমোদন (F. NO. 30-22/2023 (DEB-II) dated 16.06.2023 and 05.12.2023) ক্রমে] অনলাইন ভর্তির বিজ্ঞপ্তি।**

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় স্নাতক স্তরের সকল সম্ভাব্য আবেদনকারীকে সাদর অভ্যর্থনা জানায়। নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় পূর্ব ভারতের একটি মুখ্য মুক্ত বিশ্ববিদ্যালয়, ইউজিসি-ডিইবি স্বীকৃত এবং ন্যাক এর "A" মানে নিসৃষ্ঠ। বিশ্ববিদ্যালয় স্নাতক স্তরে পছন্দ ভিত্তিক ক্রেডিট সিস্টেম (সিবিসিএস) বাস্তবায়িত করেছে। শিক্ষার্থীরা, যাঁরা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হবেন তাঁরা নিজেদের সমৃদ্ধ করবেন এবং এই যাত্রাপথের মাধ্যমে তাঁদের যথার্থ উদ্দেশ্যকে চরিতার্থ করার পথ খুঁজে পাবেন।যার ফলে তাঁরা সমাজ ও জাতির মঙ্গল সাধনে অংশীদার হতে সক্ষম হবেন।

ভর্তির জন্য অনলাইন আবেদনপত্র জমা নেওয়া আরম্ভ হবে ২৮.০৬.২০২৪ তারিখ থেকে এবং শেষ হবে ২৪.০৭.২০২৪ তারিখে

---

ভর্তি প্রক্রিয়ার ধাপঃ

নিবন্ধীকরণ

↓

ফর্ম পূরণ

↓

বিষয় নির্বাচন

↓

নথি আপলোড

↓

ফি জমা

---

আবেদনকারী ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য নির্দিষ্ট পাঠকেন্দ্রে যোগাযোগ করতে পারেন।

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়
ডি.ডি-২৬, সেক্টর-১, লবণ হ্রদ
(বিধাননগর), কলকাতা - ৭০০০৬৪
দূরভাষ: (০৩৩) ৪০৬৬-৩২২০

www.wbnsou.ac.in

Reg/০৬৩৪; ২৭.০৬.২০২৪

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের অনুমোদন [F. NO. 30-22/2023 (DEB-II) dated 16.06.2023 and 05.12.2023] ক্রমে, বিশ্ববিদ্যালয় নিম্নলিখিত স্নাতক স্তরের ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আগ্রহী ভারতীয় নাগরিকবৃন্দকে অনলাইন আবেদন জমা দেওয়ার আহ্বান জানাচ্ছেঃ

## মানববিদ্যা অনুষদের স্নাতক স্তরের কোর্সগুলি

| বিষয় | সংকেত | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| বাংলা | HBG | ১০+২ পরীক্ষায় উত্তীর্ণ বা **সমতুল্য** / **ভোকেশনাল কোর্সে** ১০+২ উত্তীর্ণ |
| ইংরেজি | HEG | ইংরেজিতে ন্যূনতম ৪০% নম্বর পেয়ে ১০+২ পরীক্ষায় উত্তীর্ণ বা **সমতুল্য** / ইংরেজিতে ন্যূনতম ৪০% নম্বর পেয়ে **ভোকেশনাল কোর্সে** ১০+২ উত্তীর্ণ |

## সমাজবিদ্যা অনুষদের স্নাতক স্তরের কোর্সগুলি

| বিষয় | সংকেত | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| ইতিহাস | HHI | ১০+২ পরীক্ষায় উত্তীর্ণ বা **সমতুল্য** / **ভোকেশনাল কোর্সে** ১০+২ উত্তীর্ণ |
| রাষ্ট্রবিজ্ঞান | HPS | |
| জনপ্রশাসন | HPA | |
| সমাজতত্ত্ব | HSO | |

## বিজ্ঞান অনুষদের স্নাতক স্তরের কোর্সগুলি

| বিষয় | সংকেত | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| পদার্থবিদ্যা | HPH | পদার্থবিদ্যায় ন্যূনতম ৪০% নম্বর পেয়ে এবং গণিতে সাফল্যের সহিত ১০+২ পরীক্ষায় উত্তীর্ণ বা **সমতুল্য**। |
| রসায়ন | HCH | রসায়নবিদ্যায় ন্যূনতম ৪০% নম্বর পেয়ে এবং গণিতে সাফল্যের সহিত ১০+২ পরীক্ষায় উত্তীর্ণ বা **সমতুল্য**। |
| গণিত | HMT | গণিতে ন্যূনতম ৫০% নম্বর পেয়ে ১০+২ পরীক্ষায় উত্তীর্ণ বা **সমতুল্য**। |
| ভূগোল | HGR | ভূগোলে ন্যূনতম ৫০% নম্বর পেয়ে ১০+২ পরীক্ষায় উত্তীর্ণ বা **সমতুল্য**। |
| প্রাণীবিদ্যা | HZO | জীববিদ্যায় ন্যূনতম ৫০% নম্বর পেয়ে ১০+২ পরীক্ষায় উত্তীর্ণ বা **সমতুল্য**। |
| উদ্ভিদবিদ্যা | HBT | জীববিদ্যায় ন্যূনতম ৪০% নম্বর পেয়ে ১০+২ পরীক্ষায় উত্তীর্ণ বা **সমতুল্য**। |

## শিক্ষা অনুষদের স্নাতক স্তরের কোর্স

| বিষয় | সংকেত | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| শিক্ষা | HED | কলা, বিজ্ঞান বিভাগে অথবা ভোকেশনাল কোর্সে ন্যূনতম ৪৫% নম্বর পেয়ে ১০+২ পরীক্ষায় উত্তীর্ণ বা সমতুল্য। |

## পেশামূলক (Professional) অনুষদের স্নাতক স্তরের কোর্সগুলি

| বিষয় | সংকেত | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| কমার্স | HCO | ১০+২ পরীক্ষায় উত্তীর্ণ বা **সমতুল্য** / **ভোকেশনাল কোর্সে** ১০+২ উত্তীর্ণ |
| অর্থনীতি | HEC | ১০+২ পরীক্ষায় উত্তীর্ণ বা **সমতুল্য** / **ভোকেশনাল কোর্সে** ১০+২ উত্তীর্ণ |

## পাঠকেন্দ্রের তালিকাঃ

বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রাপ্তব্য।

## পাঠক্রমের সময়সীমাঃ

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের অনুমোদন [F. NO. 30-22/2023 (DEB-II) dated 16.06.2023 and 05.12.2023] ক্রমে, নিবন্ধীকরণের সময় থেকে পাঠক্রম শেষ করবার সর্বনিম্ন সময়কাল ৩ বছর। বিশ্ববিদ্যালয় নির্দেশনা অনুযায়ী প্রশিক্ষণ খরচ, পুনর্নবীকরণ খরচ এবং অন্যান্য খরচ (যদি বিজ্ঞাপিত হয়) পরিশোধিত থাকলে, নিবন্ধীকরণ সর্বাধিক ৬ বৎসরের জন্য বৈধ থাকবে।

## সম্ভাব্য সময়সূচীঃ

| ক্রমিক নং | কার্যাবলী | আরম্ভ | শেষ |
|---|---|---|---|
| ১ | অনলাইন ভর্তির আবেদনপত্র জমা করা | ২৮.০৬.২০২৪; সকাল ১০.০০ | ২৪.০৭.২০২৪; সন্ধ্যা ০৬.০০ |
| ২ | নথি আপলোড করা | ২৮.০৬.২০২৪; সকাল ১০.০০ | ২৭.০৭.২০২৪; সন্ধ্যা ০৬.০০ |
| ৩ | অনলাইন ফি জমা করা | ২৮.০৬.২০২৪; সকাল ১০.০০ | ৩১.০৭.২০২৪; বিকেল ০৪.০০ |
| ৪ | ব্যাঙ্কে গিয়ে চালানের মাধ্যমে ফি জমা করা (ব্যাঙ্কের সময় অনুসারে) | ০২.০৭.২০২৪ | ৩১.০৭.২০২৪ |

## ফিঃ

প্রথম শিক্ষাবর্ষে পাঠক্রম অনুযায়ী প্রদেয় ফি এর পরিমাণ (ব্যাঙ্ক ফি বাবদ খরচ ব্যতীত)

| ক্রমিক নং | বিষয় | ফি (টাকা) | | মোট (টাকা) |
|---|---|---|---|---|
| | | ক | খ | |
| ১ | বাংলা, ইংরেজি, ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, জনপ্রশাসন, সমাজতত্ত্ব, শিক্ষা, কমার্স এবং অর্থনীতি | ৩,৩০০/- | ৭৫০/- | ৪,০৫০/- |
| ২ | পদার্থবিদ্যা, রসায়ন এবং প্রাণীবিদ্যা | ৫,২০০/- | ৭৫০/- | ৫,৯৫০/- |
| ৩ | ভূগোল এবং উদ্ভিদবিদ্যা | ৫,০০০/- | ৭৫০/- | ৫,৭৫০/- |
| ৪ | গণিত | ৪,৬০০/- | ৭৫০/- | ৫,৩৫০/- |

**প্রথম শিক্ষাবর্ষে প্রদেয় ফি এর বিবরণঃ**

**ক = মোট কোর্স ফি এর ১/৩ ভাগ**

**খ = অন্যান্য ফি** (প্রক্রিয়াকরণ বাবদ ফি ২৭৫/- টাকা + নিবন্ধীকরণ ফি ১৭৫/- টাকা + পরিচয়পত্র ও নিবন্ধীকরণ শংসাপত্র বাবদ ফি ১০০/- টাকা + বার্ষিক উন্নয়ন ফি ১৭৫/- টাকা + মাইগ্রেশন ফি ২৫/- টাকা)

দ্রষ্টব্যঃ যেহেতু এই শিক্ষাবর্ষে বিবরণপত্র (PROSPECTUS) আবেদনকারীদের জন্য শুধু অনলাইনে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রাপ্তব্য সেহতু সকল আবেদনকারীদের জন্য প্রদেয় অন্যান্য ফি থেকে বিবরণপত্র (PROSPECTUS) বাবদ ফি ১৫০/- টাকা মুকুব করা হয়েছে।

## আবেদনকারীদের জন্য প্রধান নির্দেশাবলীঃ

- আবেদনকারীর ভর্তির আবেদনের পূর্বে ভর্তি সংক্রান্ত সকল নির্দেশাবলি এবং ভর্তি প্রক্রিয়ার ধাপসমূহ যত্ন সহকারে পড়া অত্যাবশ্যক।
- ভর্তি সংক্রান্ত সকল নির্দেশাবলি কেবলমাত্র বিশ্ববিদ্যালয়ের দপ্তরিক ওয়েবসাইটে (WWW.WBNSOU.AC.IN) অথবা ভর্তির জন্য নির্দিষ্ট ওয়েবসাইটে (BDP.WBNSOUADMISSIONS.COM) উপলব্ধ।সাম্প্রতিকতম ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য নিয়মিতভাবে উল্লিখিত ওয়েবসাইট দুটি পরিদর্শন করা অত্যাবশ্যক।
    - পশ্চিমবঙ্গ সরকারের বিধি অনুযায়ী তফশিলি জাতি/উপজাতির ক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

- ভর্তির আবেদনের পূর্বে নির্দিষ্ট পাঠক্রমে আবেদন করার জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার সাথে আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা সমতুল্য, তা নিশ্চিত করা আবেদনকারীর কর্তব্য।
- বিশ্ববিদ্যলয় শুধুমাত্র নির্দিষ্ট ব্যাঙ্ক চালান (ভর্তির ওয়েবসাইটে প্রাপ্তব্য) অথবা অনলাইন ফি গ্রহণ পরিষেবা (ভর্তির ওয়েবসাইটে যুক্ত) মাধ্যমে ফি গ্রহণ করে।
- অসম্পূর্ণ, অসমাপ্ত, আংশিক অনলাইন আবেদন অথবা অস্পষ্ট, অপাঠ্য নথি সহ অনলাইন আবেদন বিশ্ববিদ্যালয় কর্তৃক গ্রাহ্য হবে না এবং অনলাইন আবেদন বিশ্ববিদ্যালয় বাতিল করতে পারে।
- আবেদনকারীকে উল্লিখিত ভর্তির নির্ঘণ্ট মেনে ভর্তি সংক্রান্ত সকল প্রক্রিয়া সম্পন্ন করতে হবে অন্যথা আবেদন বাতিল করার অধিকার বিশ্ববিদ্যালয় সংরক্ষণ করে।
- অনির্দিষ্ট অপ্রীতিকর সম্ভাবনা এড়াতে ভর্তি সংক্রান্ত সকল প্রক্রিয়া উল্লিখিত ভর্তির নির্ঘণ্ট শেষ হওয়ার পূর্বে সম্পন্ন করা বাঞ্ছনীয়।
- ভর্তির আবেদনের অবস্থান সম্পর্কে জ্ঞাত হতে বা **"PROVISIONAL ONLINE ENROLLMENT CERTIFICATE"** এবং **"TOKEN OF SLMs"** পেতে ভর্তির জন্য নির্দিষ্ট ওয়েবসাইটে (BDP.WBNSOUADMISSIONS.COM) নিয়মিতভাবে পরিদর্শন করা অত্যাবশ্যক।
- আবেদনকারীর আবেদন সাপেক্ষে বিশ্ববিদ্যালয় নিজ নিয়ম এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের বিধি অনুসারে ভর্তি ফি বাবদ জমাকৃত টাকা আবেদনকারীকে ফেরত দিতে পারে।
- ভর্তির অন্তর্বর্তী কালে, পরবর্তী কালে, পাঠক্রমের অন্তর্বর্তীকালে বা বিশ্ববিদ্যালয় কর্তৃক ডিগ্রি প্রদানের পরবর্তী কালে ভর্তির সময় প্রদত্ত নথি ভুল / মিথ্যা / বিভ্রান্তিকর / নকল প্রতিপন্ন হলে ভর্তির আবেদন, নিবন্ধীকরণ, প্রদত্ত ডিগ্রি বাতিল করার অধিকার বিশ্ববিদ্যালয় সংরক্ষণ করে এবং এমত অবস্থায় শিক্ষার্থী কর্তৃক প্রদেয় কোন ফি বিশ্ববিদ্যালয় ফেরত না দেওয়ার অধিকারও বিশ্ববিদ্যালয় সংরক্ষণ করে।
- অনলাইন ফি গ্রহণ পরিষেবা (ভর্তির ওয়েবসাইটে যুক্ত) মাধ্যমে, ভর্তি ফি জমা দিতে আবেদনকারী নিজ ডেবিট কার্ড/ ক্রেডিট কার্ড/ নেট ব্যাঙ্কিং ব্যবহার করা বাঞ্ছনীয়। অনলাইন ফি গ্রহণ পরিষেবা (ভর্তির ওয়েবসাইটে যুক্ত) মাধ্যমে ভর্তি ফি জমা দিতে ত্রূটি ঘটলে, ভর্তি ফি বাবদ জমাকৃত টাকা আবেদনকারী কর্তৃক ব্যবহৃত ব্যাংক একাউন্টে ফেরত যেতে পারে।
- ভর্তি, পার্সোনাল কন্টাক্ট প্রোগ্রাম (পিসিপি), রেজিস্ট্রেশন, পরীক্ষা, ফলাফল প্রকাশ, anti-ragging সাথে সম্পর্কিত বিশ্ববিদ্যালয়ের নিয়ম এবং প্রবিধান মেনে চলা বাধ্যতামূলক।

## বিঃ দ্রঃ

বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত নিবন্ধীকরণ শংসাপত্র না পাওয়া পর্যন্ত যে কোনো বিষয়ে ভর্তি শর্তাধীন।ভর্তির অন্তর্বর্তী কালে, পরবর্তী কালে, পাঠক্রমের অন্তর্বর্তী কালে বা বিশ্ববিদ্যালয় কর্তৃক ডিগ্রি প্রদানের পরবর্তী কালে, ভর্তির সময় প্রদত্ত নথি ভুল / মিথ্যা / বিভ্রান্তিকর / নকল প্রতিপন্ন হলে, ভর্তির আবেদন, নিবন্ধীকরণ, প্রদত্ত ডিগ্রি বাতিল করার অধিকার বিশ্ববিদ্যালয় সংরক্ষণ করে এবং এমত অবস্থায় শিক্ষার্থী কর্তৃক প্রদেয় কোন ফি বিশ্ববিদ্যালয় ফেরত না দেওয়ার অধিকারও সংরক্ষণ করে। সেহেতু, ভর্তির আবেদন করবার পূর্বে নির্দিষ্ট পাঠক্রমে আবেদন করার জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার সাথে আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা সমতুল্য, তা নিশ্চিত করা আবেদনকারীর কর্তব্য।

## নির্দেশনা

সকল ভর্তি শর্তাধীন এবং ভর্তি প্রক্রিয়াটি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের অনুমোদন [F. NO. 30-22/2023 (DEB-II) dated 16.06.2023 and 05.12.2023] অনুযায়ী পরিচালিত।প্রয়োজনে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের আদেশনামা অনুযায়ী শিক্ষার্থীর নির্বাচিত পাঠকেন্দ্র পরিবর্তন করার অধিকারও বিশ্ববিদ্যালয় সংরক্ষণ করে।

নিবন্ধক (অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত)